৫৩

দৈনিক ইনকিলাব

তারিখ 14 NOV 1998

# বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড

বখশিবাজার, ঢাকা-১২১১

নং-কমন/৩৬/১০০০/আর-৭১ তারিখ ১৮-১০-৯৮

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের স্বীকৃতি/অনুমতিপ্রাপ্ত/ফাযিল ও কামিল মাদ্‌রাসার প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে (২০০০ সালের পরীক্ষার্থী) ফাযিল শ্রেণীতে ১ম বর্ষে ছাত্র-ছাত্রীদের ভর্তি, ক্লাস শুরু ও নাম রেজিস্ট্রেশনের জন্যে নিম্নলিখিত নিয়ম অনুসারে অত্র বোর্ডে কম্পিউটার পদ্ধতিতে RIF রেজিস্ট্রেশন ফরম ও ফি জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১. বাংলাদেশের মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৮ সালে অনুষ্ঠিত আলিম পরীক্ষার ফলাফল ২৪-০৯-৯৮ তারিখে প্রকাশিত হয়েছে। সংশ্লিষ্ট মাদ্‌রাসা কর্তৃপক্ষকে পরীক্ষার ফলাফল প্রকাশের ৬০ (ষাট) দিনের মধ্যে ভর্তির কার্যাদি সম্পন্ন করতে অনুরোধ করা যাচ্ছে।

২. ফাযিল প্রথম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির শেষ তারিখ নিম্নরূপ ধার্য করা হয়েছে। বিলম্ব ফি ব্যতীত ২৩-১১-৯৮ এবং বিলম্ব ফি ৭০/- (সত্তর) টাকাসহ ৩০-১১-৯৮ পর্যন্ত। বিলম্ব ফি অত্র বোর্ডে ব্যাংকে ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।

৩. ২০০০ সালের ফাযিল পরীক্ষার কোর্সকে প্রথম ও দ্বিতীয় বর্ষ হিসাবে বিভক্ত করা হবে।
ক. ফাযিল ১ম বর্ষ- ১লা জুলাই, ১৯৯৮ হতে ৩০শে জুন, ১৯৯৯।
খ. ফাযিল ২য় বর্ষ- ১লা জুলাই ১৯৯৯ হতে ৩০শে জুন, ২০০০।

৪. ৩১-১২-৯৮ তারিখের পর কোন গ্রুপ/বিষয়/বিভাগ পরিবর্তন করা যাবে না।

৫. ফাযিল ১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস আরম্ভ করার তারিখ ২৫-১১-৯৮।

৬. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নামের তালিকা ২ কপি বোর্ডে এবং ১ কপি তালিকা কম্পিউটার কেন্দ্রে (চেয়ারম্যান, শিক্ষা বোর্ড, কম্পিউটার কেন্দ্র, রোড নং-১২/এ, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯) প্রেরণের শেষ তারিখ ৩০-১১-৯৮।

৭. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর তালিকা প্রেরণের ছক

| ক্রমিক নং | মাদ্‌রাসার নাম ও কোড নম্বর | ছাত্র-ছাত্রীর নাম (পিতার নামসহ) | ছাত্র-ছাত্রীর ভর্তির (মাদ্‌রাসায়) রোল নং | ভর্তির তারিখ | বিভাগ ও বিষয়সমূহ | বিলম্ব ফি যদি বিলম্বে ভর্তি হয় |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

৮. নির্ধারিত তারিখের পর ফাযিল শ্রেণীতে কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা যাবে না। ভর্তির কাজ সম্পন্ন হওয়ার পর ৭ নং বর্ণিত ছক অনুযায়ী ও নির্ধারিত তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের বিভাগওয়ারী নামের ২ (দুই) কপি তালিকা ব্যক্তিগতভাবে বা প্রতিনিধির মাধ্যমে রেজিস্ট্রার মহোদয়ের নিকট এবং ১ (এক) কপি তালিকা কম্পিউটার কেন্দ্রে পৌছাইতে হবে।

উল্লেখ্য যে, নামের তালিকার মুখপত্রে বিভাগওয়ারী (গ্রুপভিত্তিক) ছাত্র-ছাত্রীর সংখ্যাসহ মোট ছাত্র-ছাত্রীর সংখ্যা উল্লেখ করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নামের তালিকা বোর্ডে না পৌছালে ছাত্র-ছাত্রীদেরকে বিলম্বে ভর্তি করা হয়েছে বলে গণ্য করা হবে এবং সে অনুযায়ী বিলম্ব ভর্তি ফি আদায় করা হবে। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের নামের তালিকা বোর্ডে না পৌছানোর কারণে রেজিস্ট্রেশনে কোনরূপ জটিলতার সৃষ্টি হলে মাদ্‌রাসা কর্তৃপক্ষ দায়ী থাকবে এবং বোর্ড কর্তৃপক্ষ ইহার কোন দায়-দায়িত্ব বহন করবেন না।

৯. ছাত্র-ছাত্রীদেরকে ফাযিল ১ম বর্ষ ও ২য় বর্ষে কমপক্ষে ৭৫% ক্লাসে উপস্থিত থাকতে হবে। উপস্থিতি ৭৫%-এর কম কিন্তু ৬০% কম নয়, এমন ছাত্র-ছাত্রীকে নন-কলেজিয়েট হিসাবে গণ্য করা হবে। ডিস-কলেজিয়েট ছাত্র-ছাত্রী (৬০%-এর কম হলে ডিস-কলেজিয়েট হবে) বোর্ডের ফাযিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১০. ফাযিল শ্রেণীতে ভর্তির সময় ছাত্র-ছাত্রীদিগকে দাখিল/আলিম পরীক্ষার মূল নম্বরপত্র মাদ্‌রাসা কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। মাদ্‌রাসা কর্তৃপক্ষ ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মূল নম্বরপত্র নিজেদের দায়িত্বে সংরক্ষণ করবেন। কোন অবস্থাতেই মূল নম্বরপত্র ছাড়া কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা যাবে না এবং জমাকৃত মূল নম্বরপত্র ফেরত দেওয়া যাবে না। কোন ছাত্র-ছাত্রী ছাড়পত্রের মাধ্যমে অন্য মাদ্‌রাসায় ভর্তি হলে তাকে মূল নম্বরপত্র ফেরত দেওয়া যাবে। ফাযিল পরীক্ষার ফলাফল প্রকাশের পর উত্তীর্ণ ছাত্র-ছাত্রীকে মূল নম্বরপত্র ফেরত দেওয়া যাবে। ফাযিল পরীক্ষায় অনুত্তীর্ণ ছাত্র-ছাত্রীদিগকে পরবর্তী বৎসরে একই মাদ্‌রাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. অনুমতি/স্বীকৃতিবিহীন মাদ্‌রাসায় ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। ইহা ছাড়া অননুমোদিত বিভাগ/বিষয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে না। যদি ছাত্র-ছাত্রী ভর্তি করা হয় তাহলে বোর্ড ইহার দায়-দায়িত্ব বহন করবে না।

১২. বোর্ডে রেজিস্ট্রেশন ফি জমাদানের তারিখ যথাসময়ে জানানো হবে।

### ব্যাংক ড্রাফট করার নিয়মাবলী

১৩. ক. রেজিস্ট্রেশন সংক্রান্ত দেওয়া যাবতীয় ফি রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুকূলে সোনালী ব্যাংকে, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা শাখায় আদায়যোগ্য সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। সোনালী ব্যাংক ব্যতীত অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণ করা হবে না।
খ. ব্যাংক ড্রাফটের অপর পৃষ্ঠায় মাদ্‌রাসা প্রধানের সীলসহ স্বাক্ষর অবশ্যই থাকতে হবে।
গ. প্রত্যেক গ্রুপের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট করতে হবে। একই ব্যাংক ড্রাফট-এর দ্বারা একাধিক গ্রুপের রেজিস্ট্রেশন ফি জমা দেওয়া যাবে না।
ঘ. নির্ধারিত তারিখের মধ্যে শুধু ব্যাংক ড্রাফট করলেই চলবে না; বরং নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন সংক্রান্ত কাগজপত্র বোর্ডে জমা দিতে হবে।

১৪. ছাড়পত্র ব্যতীত ছাত্র-ছাত্রী মাদ্‌রাসা ত্যাগ করলে এবং ছাড়পত্র ব্যতীত কোন মাদ্‌রাসা কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রী ভর্তি করলে সংশ্লিষ্ট মাদ্‌রাসা ও ছাত্র-ছাত্রীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. ২০০০ (দুই হাজার) সাল হতে বোর্ডের মঞ্জুরিপ্রাপ্ত মাদ্‌রাসায় ১০০ নম্বরের ইংরেজী আবশ্যিক বিষয় হিসাবে প্রবর্তন করা হল। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ইংরেজী সিলেবাস অবিকল মাদ্‌রাসা শিক্ষা বোর্ডের পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত থাকবে। বিষয়টি সম্পর্কে বিস্তারিত জানার জন্যে অত্র বোর্ডের কারিকুলাম শাখায় যোগাযোগ করতে অনুরোধ করা হল। ফাযিল পরীক্ষায় বাধ্যতামূলক ১০০০ (এক হাজার) নম্বরের পরিবর্তে ২০০০ (দুই হাজার) সাল হতে ইংরেজীসহ মোট ১১০০ (এগারশত) নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

### রেজিস্ট্রেশন ফি-এর হার

| ক্রমিক নং | ফিসের হার | ফাযিল | কামিল |
|---|---|---|---|
| ১ | রেজিস্ট্রেশন | ৩৫/- | ৫০/- |
| ২ | ক্রীড়া ফি | ১৫/- | - |
| ৩ | স্কাউট ফি | ১০/- | - |
| ৪ | মোট= | ৬০/- | ৫০/- |
| ৫ | বিলম্ব রেজিস্ট্রেশন ফি | ৭০/- | ৮০/- |
| ৬ | বিলম্ব ফিসহ মোট= | ১৩০/- | ১৩০/- |
| ৭ | শিক্ষাবিরতি ফি | ১৪০/- | ১৬০/- |

১৬. মাদ্‌রাসার নাম স্তর অনুযায়ী দাখিল, আলিম, ফাযিল ও কামিল লিখতে হবে। সিনিয়র মাদ্‌রাসা লেখা যাবে না।

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর ঃ ৫০২১৬৭

পি-১৫০৯/৯৮